

তথ্য কমিশনে আজকের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৬টি অভিযোগের শুনানীশেষে ০৪টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০২টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে কুমিল্লার মনোহরগঞ্জ উপজেলা সহকারী কমিশনার(ভূমি), কুমিল্লার লাকসাম মডেল কলেজের অধ্যক্ষ এবং হবিগঞ্জের বানিয়াচং উপজেলার সিনিয়র মৎস কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়। ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের উপ-সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগ গ্রহণযোগ্য নয় মর্মে নিষ্পত্তি করা হয়।

অন্যদিকে রূপালী ব্যাংক লিমিটেডের হেড অফিসের ব্যবস্থাপনা ও তথ্য বিভাগের উপ-মহাব্যবস্থাপক এবং সোনালী ব্যাংক লিমিটেডের মতিঝিল লোকাল অফিসের মহাব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার অধ্যাপক ড. খুরশীদা বেগম সাজিদা।

স্বাঃ-

(লিটন কুমার প্রামানিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd